

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথাযথ মর্যদা ও শ্রদ্ধার সাথে উদযাপনের লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মাহবুবুল আলম, মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)

ও

আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি।

সভার তারিখ : ২২-০২-২০২০

সভার সময় : বেলা ১১:০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয়, এমজিএমসিএল।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' হিসাবে সংযুক্ত।

২.০ আলোচনা :

২.১ সভার সভাপতি কমিটির সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জনাব এবিএম কামরুজ্জামান সভায় উপস্থিত থাকায় কমিটির পক্ষ থেকে কৃতজ্ঞতা জানানো হয়। সভাকে জানানো হয় যে, আগামি ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সময়কালকে মুজিব বর্ষ হিসাবে ঘোষণা করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথাযথ মর্যদা ও শ্রদ্ধার সাথে উদযাপনের লক্ষ্যে গঠিত কমিটির অদ্য প্রথম সভা। উপস্থিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর গুরুত্বপূর্ণ দিকনির্দেশনামূলক মূল্যবান মতামত প্রদান করবেন বলে আশা করা হয়।

২.২ জন্মশত বার্ষিকী যথাযথ মর্যদা ও শ্রদ্ধার সাথে উদযাপনের জন্য পেট্রোবাংলার পত্র নং- ২৮.০২.০০০০.০৩৮.৪৬.০০৪.২০.১১, তারিখঃ ১৯-০২-২০২০ এ উল্লিখিত নির্দেশনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাতে উপস্থিত কমিটির সদস্যগণ তাদের মতামত প্রদান করেন।

৩.০ সিদ্ধান্ত :


সভায় বিস্তারিত আলোচনা এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মূল্যবান মতামত গ্রহণ পূর্বক সর্বসম্মতিক্রমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথাযথ মর্যদা ও শ্রদ্ধার সাথে উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- (১) বিভাগীয় বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত কর্মসূচীতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- (২) কোম্পানির আবাসিক এলাকায় অবস্থিত পুকুরের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।
- (৩) মহাব্যবস্থাপক (প্রশাসন ও সেবা)-কে ফোকাল পয়েন্ট ও মহাব্যবস্থাপক (ইউজিওএন্ডএম)-কে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিযুক্ত করে নাম, পদবী, মোবাইল নম্বর ও ইমেইল আইডিসহ পত্র দ্বারা পেট্রোবাংলাকে অবহিত করা হবে।
- (৪) মুজিব শতবর্ষে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য প্রতি মাসের প্রথম সোমবার ক্লিনিং ডে ঘোষণা করা হবে।
- (৫) শিলা ক্রয়ের নিমিত্ত আগত ক্রেতাগণের সুবিধার জন্য (গ্রাহক সেবা) প্রধান কার্যালয়-এর নির্দিষ্ট স্থানে সেবা কর্মসূচী (One Stop Service) চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৬) মানব সম্পদ উন্নয়ন পরিকল্পনা :

- (i) জ্বালানি ও খনিজ সম্পদ সেক্টর বিষয়ক প্রবন্ধ/রচনা প্রকাশ এবং প্রচারের জন্য কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে লেখা আহ্বান করে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।
- (ii) বিশেষ প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ করতে হবে।
- (iii) কোম্পানির কার্যক্রম পেপারলেস করার জন্য নথি সংশ্লিষ্ট কার্যক্রম ই-নথির মাধ্যমে যথাসাধ্য সম্পন্ন করতে হবে।
- (iv) সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের আইটি প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- (v) মুজিব শতবর্ষ পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচীর তথ্যাদিসহ অন্যান্য হালনাগাদ তথ্যাদি নিয়মিতভাবে কোম্পানির ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- (৭) কোম্পানির সকল স্থাপনা সরেজমিনে পরিদর্শন করে বাহ্যিক ও অভ্যন্তরীণ শ্রীবৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে কোম্পানির পরিষ্কার পরিচ্ছন্নতা কমিটি কার্যকারী ব্যবস্থা গ্রহণ করবে। উল্লেখ্য যে, এ বিষয়ে কোম্পানীর পক্ষ থেকে স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- (৮) ষ্টোর রুম উন্নত করার নিমিত্ত ভাডারে রক্ষিত স্ক্রাপ মালামালসমূহ দ্রুত নিলাম/বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (৯) কোম্পানির সকল স্থাপনার Fire Safety & Security-এর কার্যকারীতা পরীক্ষা করতঃ উন্নতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের অগ্নি-নির্বাপন বিষয়ক ট্রেনিং ও মহড়া আয়োজন করা হবে।
- ৪.০ সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


2020

(মোঃ মাহবুবুল আলম)

মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)

ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।



